কালের কণ্ঠ

তারিখ: 05 MAR 2015
পৃষ্ঠা: ১৬ কলাম: ২

# মহারাষ্ট্রে শিক্ষাক্ষেত্রে মুসলমানদের কোটা বাতিল

কালের কণ্ঠ ডেস্ক ▷

শিক্ষাক্ষেত্রে মুসলমানদের জন্য বিশেষ কোটা বাতিল করল মহারাষ্ট্রের বিজেপি শাসিত রাজ্য সরকার। যদিও মুম্বাই হাইকোর্ট শিক্ষাক্ষেত্রে সংখ্যালঘুদের জন্য কোটা সংরক্ষণের অনুমতি দিয়েছিলেন। সেই অনুমতিকে অগ্রাহ্য করে এই সংরক্ষণ-সংক্রান্ত অর্ডিন্যান্সই খারিজ করে দিল দেবেন্দ্র ফারনবিশ সরকার।

দেবেন্দ্র ফারনবিশ অবশ্য আগেই জানিয়েছিলেন, তাঁর সরকার ধর্মের ভিত্তিতে কোনো রকম সংরক্ষণের বিরোধী। গত মঙ্গলবার মহারাষ্ট্রের সাধারণ প্রশাসন বিভাগের পক্ষ থেকে এক প্রজ্ঞাপনে জানানো হয়, 'এই অর্ডিন্যান্সটি কোনো অ্যাক্টে পরিবর্তিত হয়নি। আমরা অর্ডিন্যান্সটিই বাতিলের সিদ্ধান্ত নিয়েছি।'

গত বছর ১১ জুলাই তদানীন্তন কংগ্রেস-এনসিপি সরকার সরকারি শিক্ষাক্ষেত্রে মারাঠাদের জন্য ১৬ ও মুসলমানদের জন্য ৫ শতাংশ সংরক্ষণ-সংক্রান্ত অর্ডিন্যান্স ইস্যু করে। এ সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে মুম্বাই হাইকোর্টে মামলা দায়ের করা হয়। গত বছর ১৪ নভেম্বর হাইকোর্ট মারাঠাদের জন্য ১৬ শতাংশ সংরক্ষণের প্রস্তাব খারিজ করলেও মুসলমানদের জন্য ৫ শতাংশ কোটা সংরক্ষণে সম্মতি জানান। সূত্র : টাইমস অব ইন্ডিয়া।